[redacted]

‘[redacted]’ [redacted] [redacted], [redacted] [redacted] [redacted]

হোসাইন।

এছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ফলসী ইউনিয়নের চেয়ারম্যান ফজলুর রহমান, চাঁদপুর ইউনিয়নের চেয়ারম্যান গোলাম মোস্তফা, কাপাশহাটিয়া ইউনিয়নের চেয়ারম্যান শরাফত দৌলা ঝন্টু, সিনিয়র সাংবাদিক প্রভাষক শাহানুর আলম।

আরও উপস্থিত ছিলেন, স্পোটিং ক্লাবের সভাপতি এনামুল হক, সাধারণ সম্পাদক তুষার, যুবনেতা সাইদুর রহমান বিটু প্রমূখ।

খেলায় বিজয়ীদের হাতে ট্রফিতুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন।

উদ্বোধনী কালে প্রধান অতিথি বলেন, খেলার মাধ্যমে যুবসমাজকে মাদক এবং সান্ত্রাসী কার্যকলাপ থেকে দুরে রাখতে পারে, ক্লাবে শুধু খেলাধোলাই নয় সকল ভালকাজের সাথে নিজেদের সম্পৃক্ত করার আহবান জানান।

ঝিনাইদহে ধর্ষণের শাস্তি মৃত্যুদণ্ড অনুমোদন দেওয়ায় ছাত্রলীগের আনন্দ র্যালী

ধর্ষণের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড’র বিধান মন্ত্রীসভায় চুড়ান্ত অনুমোদন দেওয়ায় প্রধানমন্ত্রীকে ধন্যবাদ ও স্বাগত জানিয়ে ঝিনাইদহে আনন্দ র্যালী করেছে ছাত্রলীগ।

গতকাল মঙ্গলবার বিকেলে ঝিনাইদহ জেলা ছাত্রলীগের আয়োজনে সরকারি কেসি কলেজ চত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে পোস্ট অফিস মোড়ে গিয়ে শেষ হয়। পরে সেখানে সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়।

এতে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, জেলা ছাত্রলীগের সভাপতি রানা হামিদ, সাধারণ সম্পাদক আব্দুল আওয়ালসহ

অন্যান্যরা বক্তব্য রাখেন।

এসময় বক্তারা, ধর্ষণের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড’র বিধান মন্ত্রীসভায় সংশোধিত ‘নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০’ এর খসড়া চুড়ান্ত অনুমোদন দেওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ ও উক্ত সিদ্ধান্তকে স্বাগত জানান।

চুয়াডাঙ্গা এক মাদক ব্যাবসায়ীর কারাদণ্ড

চুয়াডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালতে হাবিবুর রহমান নামের এক মাদক ব্যাবসায়ীর কারাদণ্ড প্রদান করা হয়েছে।

গতকাল মঙ্গলবার সকালে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযানে গাঁজাসহ আটকের পর ভ্রাম্যমাণ আদালতে তাকে এ সাজা প্রদান করা হয়।

সাজাপ্রাপ্ত হাবিবুর রহমান (৫৬) চুয়াডাঙ্গা সদর উপজেলার গাইদঘাট দক্ষিণপাড়ার মৃত আতিয়ার রহমানের ছেলে।

ভ্রাম্যমাণ আদালত সুত্রে জানা গেছে, চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট হাবিবুর রহমানের নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আব্দুল্লাহ আল মামুন, উপপরিদর্শক আবুল কালাম আজাদ ও সহকারী উপপরিদর্শক আকবর হোসেন সঙ্গীয় ফোর্স নিয়ে হাবিবুর রহমানের বাড়িতে অভিযান চালিয়েছে ২শ’ ৫০ গ্রাম গাঁজাসহ তাকে আটক করা হয়।

পরে নির্বাহী ম্যাজিস্ট্রেট হাবিবুর রহমান ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে হাবিবুর রহমানকে ৮ মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করে। সাজাপ্রাপ্ত হাবিবুর রহমানকে কারাগারে পাঠানো হয়েছে। ভ্রাম্যমাণ আদালতের বেঞ্চসহকারী ছিলেন আব্দুল লতিফ।

[redacted]

[redacted]

মেহেরপুরের ঐতিহাসিক নায়েব বাড়ি পূজা মন্ডপের পুরোহিত জিৎ মূখার্জি জানান, এবার পূজার প্রস্ততি প্রায় শেষ পর্যায়ে। এখন শুধু অপেক্ষা মা দূর্গাকে বরণ করে নেওয়ার।

তবে করোনা আতঙ্কের কারনে অনেকটা ভাটা পড়েছে এবারের পূজা উৎসবে। সীমিত পরিসরে স্বাস্থ্যবিধি মেনে পূজা উদযাপন করার নির্দেশ দিয়েছে জেলা প্রশাসন।

এবছর আরতি, গান-বাজনা, পূজা প্যান্ডেলের পাশে মেলা বসানো, বিসর্জনের আগে শোভাযাত্রা থেকে বিরত থাকতে নির্দেশ দেওয়া হয়েছে।

শহরের নায়েববাড়ি রাধা মাধব মন্দিরের সভাপতি চিত্তরঞ্জন সাহা বলেন, পূজা উপলক্ষে আমাদের প্রস্তুতি প্রায় শেষ। পূজাটা যেন সুন্দর সুষ্ঠুভাবে সরকারি বিধি নিষেদ মেনে মন্ডপে প্রয়োজনীয় সুরক্ষা সামগ্রী রেখে পূজা পূজা শেষ করতে পারি এটাই আমাদের প্রত্যাশা।

মেহেরপুর হরিসভা মন্দিরের সাধারণ সম্পাদক কিশোর পাত্র বলেন, আমরা এক বছর ধরে অপেক্ষা করছি, কখন মা আসবে। মায়ের আগমনের জন্যই আমাদের এই প্রস্তুতি । যথেষ্ট পরিকল্পনা থাকার পরও প্রতিবারের মতো এবারের পূজাতে ততটা জাঁকজমকপূর্ণ করতে পারছি না।

এ ব্যাপারে জেলা প্রশাসক ড. মুনসুর আলম খান পূজা উদযাপন প্রস্তুতি সভায় বলেন, করোনার দ্বিতীয় ওয়েভ আমাদের সতর্কতার সাথে মোকাবেলা করতে হবে। আমরা অসম্প্রাদায়িক সম্প্রতি বজায় রেখে যার যার ধর্ম পালন করে আসছি। হাজার বছরের ঐতিহ্য আমাদের। আমাদের ঐতিহ্য যাতে ভাটা না পড়ে সে দিক বিবেচনা সরকারি বিধি মেনে দূর্গোৎসব পালনের তাগিদ দেন তিনি।

ওয়ার্ড বাসীর প্রতি সদস্য প্রার্থী জাকির হোসেনের আবেদন

৮নং ধানখোলা ইউনিয়নের ২ নং ওয়ার্ডবাসী আমার সালাম ও শুভেচ্ছা

নিবেন। অত্যান্ত দুঃখ ভারাক্রান্ত হৃদয়ে আপনাদের উদ্দেশ্যে কিছু কথা বলিতে চাই। উক্ত ওয়ার্ডে আগামী ২০ শে অক্টোবর উপ-নির্বাচন হতে যাচ্ছে। এই উপ-নির্বাচনে আমি আপনাদের দোয়া প্রার্থী। উক্ত নির্বাচনে আপনাদের মূল্যবান ভোট দিয়ে আমাকে আপনাদের সেবা করার সুযোগ করে দিবেন। আগামী ২০ অক্টোবর ২নং ওয়ার্ডের মেম্বার পদে উপনির্বাচনে আপনাদের দোয়া ও সমর্থন চাই। যাহাতে আমি আপনাদের সুখে দুঃখে পাশে থাকতে পারি।

প্রিয় ওয়ার্ডবাসী আপনারা জানেন, এই ওয়ার্ডের আমার পিতা মৃত জাফর আলী প্রায় ৩ যুগ সুখে দুঃখে আপনাদের পাশে ছিলেন। হঠাৎ মহান সৃষ্টি কর্তার ডাকে সাড়া দিয়ে আমাদের কে চিরদিনের জন্য এতিম করে এই পৃথিবী ছেড়ে চলে যান। আপনাদের কাছে আমার সবিনয় অনুরোধ আমার পিতার জন্য দোয়া করবেন। আল্লাহ পাক রাব্বুল আলামিন তিনাকে যেন জান্নাত বাসী করেন।

আমি আমার বাবার দেখানো পথে ওয়ার্ডবাসীর সেবা করতে চাই। সুখে দুঃখে তাদের পাশে থাকতে চাই।

প্রিয় ভোটার, নির্বাচনে আমি বিজয়ী হলে আমি আমার বাবার রেখে যাওয়া কাজ গুলো শেষ করতে চাই। সেই সাথে আমার ওয়ার্ডের সকল সমস্যা সমাধান করে আধুনিকায়ন করতে চায়।

প্রশাসনের কাছে আবেদন, স্থানীয় প্রশাসন সহ প্রশাসনের সর্ব মহলের সার্বিক সহযোগিতা কামনা করছি। আগামী ২০ অক্টোবরে উপনির্বাচনে আমার সমর্থকরা ও ভোটার রা যাহাতে নির্বিঘ্নে ভোট কেন্দ্রে যেতে পারে এবং তাহাদের ভোটধিকার প্রদান করিতে পারে সে বিষয়ে সার্বিক সহযোগিতা কামনা করছি।

আমার প্রতিপক্ষরা সব সময় আমার ভোটারদের বিভিন্ন হুমকি ধামকি প্রদান করছে। যাহাতে তারা ভোট কেন্দ্রে যেতে না পারে সে বিষয়ে বিভিন্ন ষড়যন্ত্রে লিপ্ত আছে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

তিনি আরো জানান, এ পর্যন্ত সর্বমোট ফলাফল এসেছে ৪২৯৪ টি, সর্বমোট পজিটিভ ৬৩৪ জন, মৃত্যু ১৬, ট্রান্সফার্ড ৫১ জন। বর্তমানে আক্রান্ত রয়েছেন ২০ জন । এদের মধ্যে সদরে ৪ জন, মুজিবনগরে ১৩ জন এবং গাংনীতে ৩ জন। সুস্থ হয়েছেন সুস্থ্য= ৫৪৭ জন। এদের মধ্যে সদর ২৮৮, গাংনী ২০৪, মুজিবনগর ৫৫।

ভিন্ন সূত্রে পাওয়া আক্রান্ত ব্যক্তি হলেন গাংনী উপজেলার বাওট গোরস্থান পাড়ার মিনারুল ইসলাম (৪০)।

কালীগঞ্জে ফসলের সঙ্গে শত্রুতা থামছেই না, এবার পুইশাক ক্ষেত সাবাড়!

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার গয়েশপুর গ্রামের দরিদ্র কৃষক বাপ্পি হোসেনের ১৪ কাঠা জমির পুইশাক গাছ কেটে দিয়েছে দুর্বৃত্তরা।

সোমবার দিবাগত রাতে এ ঘটনা ঘটে। যার আনুমানিক বিক্রিত মূল্য প্রায় দুই লক্ষ টাকা। এর আগে গত ৫ সেপ্টেম্বর রাতে একই কৃষকের ৬ কাঠা জমির বেগুন গাছ কেটে দিয়েছিল।

ভুক্তভোগী কৃষক বাপ্পি হোসেন জানান, তিনি একজন বর্গাচাষী। এর আগে গতমাসে আমার ৬ কাঠা জমির বেগুন গাছ কেটে দিয়েছিল। মঙ্গলবার সকালে ক্ষেতে গিয়ে দেখি ১৪ কাঠা জমির পুইশাক গাছ কেটে দিয়েছে। এতে আমার প্রায় ২ লক্ষ টাকার ক্ষতি হয়েছে। গ্রামে আমার কারো সাথে বিরোধ নেই। আমার এমন ক্ষতি করে কি লাভ হলো।

কালীগঞ্জ উপজেলা কৃষকলীগের সভাপতি আবুল কালাম আজাদ বলেন, মঙ্গলবার সকালে খবর পেয়ে ক্ষতিগ্রস্থ কৃষক বাপ্পির ক্ষেতে যায়। এর আগেও তার ৬ কাঠা জমির ক্ষেত নষ্ট করা হয়েছিল। কালীগঞ্জ উপজেলায় সম্প্রতি বৃদ্ধি পেয়েছে ফসলী ক্ষেত বিনষ্টের ঘটনা। দূবৃর্ত্তরা রাতের আধারে একের পর এক নৃশংস ভাবে ধরন্ত -ফলন্ত ক্ষেত নষ্ট করছে। কৃষকেরা ধারদেনার মাধ্যমে ফসল চাষ করার পর ভরা

ক্ষেত নষ্ট হওয়ায় তারা একেবারে পথে বসছে। রাতের আধারে কে বা কারা লোক চক্ষুর আড়ালে এমন জঘন্যতম কাজটি করছে।

কালীগঞ্জ থানার ওসি মাহাফুজুর রহমান মিয়া জানান, খবর পেয়ে আমরা গয়েশপুর গ্রামের ক্ষতিগ্রস্থ কৃষকের ক্ষেত পরিদর্শন করেছি। এ ব্যাপারে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

এদিকে, গত শুক্রবার দিবাগত রাতে একই গ্রামে বিশারত মন্ডলের ফুলকপির বীজতলার চারা কেটে সাবাড় করেছে দুর্বৃত্তরা। এছাড়াও গত কয়েকমাসে প্রায় ২০ জন কৃষকের ফসলী গাছ কেটে সাবাড় করা হয়েছে। এ নিয়ে আইনশৃঙ্খলা কমিটির সভায় উদ্বেগ প্রকাশ করা হয়েছে। কিন্তু দিনের পর দিন ফসলের সঙ্গে শত্রুতার ঘটনা বৃদ্ধি পাওয়ায় চরম দুশ্চিন্তায় কৃষকরা।

মুজিবনগরে বিএনপির করোনা ভাইরাস প্রতিরোধে মাস্ক বিতরণ

মুজিবনগর উপজেলার কেদারগন্জ বাজারে মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও মেহেরপুর ১ আসনের সাবেক এমপি মাসুদ অরুনের নির্দেশে করোনা ভাইরাস প্রতিরোধে সাধারণ মানুষকে সচেতন ও মাস্ক বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার বিকেলে কেদারগন্জ বাজারের হাট প্রাঙ্গনে জেলা বিএনপি এর সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ এর নেতৃত্বে সাধারণ মানুষের মাঝে এ সকল মাস্ক বিতরণ করা হয়।

এ সময় উপস্হিত ছিলেন মুজিবনগর উপজেলা যুবদলের আহবায়ক আবুল হাসান,সদস্য সচিব আনোয়ারুল ইসলাম,যুবনেতা আরিফ, আজাদ আলী, মোনাখালি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপার্থী আজিমুদ্দীন গাজী,সহ মুজিবনগর উপজেলা বিএনপি এর নেতৃবৃন্দ।